গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[অডিট-১ অধিশাখা]
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৮.০১.০২৫.১৯-৫৫৮ তারিখঃ ২৮/১১/২০১৯খ্রিঃ।

বিষয়ঃ এলজিইডি'র বিভিন্ন নির্বাহী প্রকৌশলী দপ্তরের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষে ত্রি-পক্ষীয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা এর স্মারক নং-৩০০, তারিখঃ ২৬.০৯.২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় ১১টি নির্বাহী প্রকৌশলী দপ্তরের (১৯৯৬-১৯৯৭ অর্থবছর হতে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত) মোট ১৪টি অনুচ্ছেদের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ০৭/১১/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভার কার্যবিবরণীসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

২৮/১১/১৯
(নাজনীন ওয়ারেস)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭২৩২
audit-1@lgd.gov.bd

মহাপরিচালক
পূর্ত অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (১ম-৩য় তলা)
সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), আগারগাঁও, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নারায়ণগঞ্জ/মানিকগঞ্জ/মুন্সিগঞ্জ/জামালপুর/বাগেরহাট/সাতক্ষীরা/নড়াইল/বরিশাল/পটুয়াখালী/পিরোজপুর/বরগুণা।
৫। অতিরিক্ত সচিব (অডিট) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ [অতিরিক্ত সচিব (অডিট) মহোদয়ের সদয় অবগতির জন্য], বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। যুগ্মসচিব (অডিট) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ [যুগ্মসচিব (অডিট) মহোদয়ের সদয় অবগতির জন্য], বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইট প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো), বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৮। অফিস কপি/মাস্টার কপি।

Letter/Gani/4

-৫২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
যুগ্মসচিব (অডিট) এর দপ্তর

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

বিষয়: এলজিইডি'র বিভিন্ন নির্বাহী প্রকৌশলী দপ্তরের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষে ত্রি-পক্ষীয় সভার কার্যবিবরণী।

সভাপতি: সায়লা ফারজানা, যুগ্মসচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তারিখ ও সময়: ০৭ নভেম্বর ২০১৯, বেলা ১১.০০ টা।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা:

| ক্রঃ | নাম ও পদবী | কর্মস্থল |
|---|---|---|
| ০১। | জনাব আব্দুল কুদ্দুছ মন্ডল, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অডিট) | এলজিইডি, আগারগাঁও, ঢাকা। |
| ০২। | জনাব নাজনীন ওয়ারেস, উপসচিব (অডিট-১) | স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| ০৩। | জনাব মোহাম্মদ রফিকুল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অডিট) | এলজিইডি, আগারগাঁও, ঢাকা। |
| ০৪। | জনাব মোঃ সিদ্দিকুর রহমান, নির্বাহী প্রকৌশলী (অডিট) | এলজিইডি, আগারগাঁও, ঢাকা। |
| ০৫। | জনাব জেবুন নেছা হায়দার, উপ-পরিচালক | পূর্ত অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা। |
| ০৬। | জনাব মোঃ মুজিবুর রহমান, অডিট এন্ড একাউন্টস অফিসার | পূর্ত অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা। |
| ০৭। | জনাব সুশান্ত রঞ্জন রায়, নির্বাহী প্রকৌশলী | এলজিইডি, পিরোজপুর। |
| ০৮। | জনাব মোঃ আনিসুল ওহাব খান, নির্বাহী প্রকৌশলী (সাবেক) ও প্রকল্প পরিচালক, প্রভাতি | এলজিইডি, মুন্সিগঞ্জ। |
| ০৯। | জনাব মোঃ হোসেন আলী মীর, সিনিয়র সহকারী প্রকৌশলী | এলজিইডি, বরগুনা। |
| ১০। | জনাব এ বি এম খোরশেদ আলম, সিনিয়র সহকারী প্রকৌশলী | এলজিইডি, নারায়ণগঞ্জ। |
| ১১। | জনাব বিপ্লব খান, সহকারী প্রকৌশলী, | এলজিইডি, জামালপুর। |
| ১২। | জনাব মোঃ মহিউদ্দিন, হিসাবরক্ষক | এলজিইডি, বরগুনা। |
| ১৩। | জনাব মোঃ হুমায়ুন কবির, হিসাবরক্ষক | এলজিইডি, পিরোজপুর। |
| ১৪। | জনাব হারুন অর রশিদ, হিসাবরক্ষক | এলজিইডি, মুন্সিগঞ্জ। |
| ১৫। | জনাব মোঃ আমিনুল ইসলাম, হিসাবরক্ষক | এলজিইডি, নারায়ণগঞ্জ। |
| ১৬। | জনাব মোঃ জহরুল ইসলাম, হিসাবরক্ষক | এলজিইডি, জামালপুর। |

০২। সভাপতি এ বিভাগে যোগদানের পর তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত ১ম ত্রি-পক্ষীয় সভায় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরূপ ত্রি-পক্ষীয় সভা আয়োজন পর্যায়ক্রমে চলমান থাকলে অত্র বিভাগের পুঞ্জিভূত অডিট আপত্তি নিষ্পত্তি ত্বরান্বিত হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (অডিট-১) সভাকে জানান যে, পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (১৯৯৬-১৯৯৭ অর্থবছর হতে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত) আওতাধীন ১১টি নির্বাহী প্রকৌশলী দপ্তরের মোট ১৪টি অনুচ্ছেদের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে এ ত্রি-পক্ষীয় সভাটি আহ্বান করা হয়েছে। সভায় নির্বাহী প্রকৌশলী দপ্তরসমূহের বিষয়ভিত্তিক বিবেচ্য অডিট নিয়ে বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

| নির্বাহী প্রকৌশলীর দপ্তর | অনু নং ও অর্থবছর | আপত্তির শিরোনাম | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ |
|---|---|---|---|---|
| নারায়ণগঞ্জ | অনু-১<br>২০১২-১৩ | বিভাগীয় উদ্ধারকৃত মালামালের মূল্য বাবদ ১,২৩,৩৪,২৫৪/- টাকা সরকারি কোষাগারে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | আলোচনায় পূর্ত অডিট অধিদপ্তরের প্রতিনিধি, এলজিইডি'র প্রতিনিধিকে সংশ্লিষ্ট আপত্তির প্রমাণক দেখাতে অনুরোধ করেন। প্রমাণকসমূহ পর্যালোচনায় দেখা যায় ৩০টি কাজের বিপরীতে ২৮টি কাজের জমাকৃত চালানের কপিতে জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার স্বাক্ষর নেই। তিনি অপরাপর আপত্তির ক্ষেত্রে বিলের কপি, পরিমাপ বহি ও প্রাক্কলন সংযুক্ত করার পরামর্শ দেন। কেবলমাত্র ক্রমিক নং-১৮ এর সমুদয় প্রমাণক সন্তোষজনক হওয়ায় আপত্তিটি নিষ্পত্তির প্রস্তাব করা হয়। এছাড়া অন্যান্য ক্রমিকের সংশ্লিষ্ট অডিট আপত্তির বিষয়ে কাগজ-পত্রাদি ও প্রমাণকসমুহ যথাযথ না থাকায় পরবর্তীতে প্রমাণকসহ যথাযথ পুনঃজবাব প্রেরণের জন্য অনুরোধ জানান। | (ক) মোট ৩০ টি কাজের বিপরীতে ২৮টি কাজের জমাকৃত চালানের ক্রমিক নং-১৯, ২৭ ও ২৮ চালান কপিতে জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার স্বাক্ষর; বুক ট্রান্সফারকৃত চালান সমূহের ক্ষেত্রে বিলের কপিসহ পুনঃজবাব প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।<br>(খ) ক্রমিক নং-১ এর পরিমাপ বহি এবং প্রাক্কলন সংযুক্ত করে পুনঃজবাব প্রদান করতে হবে।<br>(গ) ক্রমিক নং-১৮ এর প্রাক্কলন যাচাই পূর্বক স্যালভেজ মূল্য অন্তর্ভুক্ত না থাকায় আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হলো |
| মানিকগঞ্জ | অনু-৪<br>২০১০-১১ | মেরামত কাজে উদ্ধারকৃত স্যালভেজ এর মূল্য গ্রস বিল থেকে বাদ না দেয়ায় সরকারের ৩,৩২,৩১৬/- টাকা আর্থিক ক্ষতি। | আপত্তিটি ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে মর্মে এলজিইডি প্রতিনিধি জানান। | ইতোমধ্যে নিষ্পত্তিকৃত। |
| মুন্সীগঞ্জ | অনু-২<br>২০০৯-১০ | পূর্বের ঠিকাদারের সরবরাহ করা ১৮৩.৭৪ ঘঃমিঃ খোয়া বাদ না দিয়ে বর্তমান ঠিকাদারকে অর্থ পরিশোধ করায় আর্থিক ক্ষতি ৩,৩৫,৩২৫.৫০ টাকা। | এলজিইডি প্রদত্ত প্রমাণকসমূহ যথাযথ/পর্যাপ্ত নয় বিধায় কাজের সার্ভে রিপোর্ট ও প্রাক্কলন ভেরিয়েশন এর কপি সংযুক্ত করার পরামর্শ দেয়া হয়। | কাজের সার্ভে রিপোর্ট ও প্রকল্প পরিচালকের সাথে প্রাক্কলন ভেরিয়েশন এর জন্য যোগাযোগ পত্রসহ পুনঃজবাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | অনুচ্ছেদ নং-৫<br>২০১৩-১৪ | ২,০৬,২৮,০৮১/- টাকা ব্যয়ে বিভিন্ন সড়ক মেরামত ও রক্ষণাবেক্ষন কাজ হতে উদ্ধারকৃত প্রাপ্ত পুরাতন মালামাল এর হদিস হিসাব না থাকায় সরকারের আর্থিক ক্ষতি। | আলোচনায় পূর্ত অডিট অধিদপ্তরের প্রতিনিধি এলজিইডি'র প্রতিনিধিকে সংশ্লিষ্ট আপত্তির প্রমাণক দেখাতে অনুরোধ জানান। এলজিইডি'র প্রতিনিধি এ বিষয়ে যথাযথ প্রমাণক উপস্থাপন করেন। | কাজের প্রাক্কলন, এমবি বহি কপি এবং বিল কপি পর্যালোচনা করে আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হলো। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

| | | | | |
|---|---|---|---|---|
| জামালপুর | অনু-৪ ২০১৩-১৪ | উদ্ধারকৃত স্যালভেজ মালামালের মূল্য রাজস্ব খাতে জমা না করায় সরকারের ৩৫,০৯,২৫৪/- টাকা আর্থিক ক্ষতি। | আলোচনায় পূর্ত অডিট অধিদপ্তরের প্রতিনিধি এলজিইডি'র প্রতিনিধিকে সংশ্লিষ্ট আপত্তির প্রমাণক দেখাতে অনুরোধ জানান। এলজিইডি'র প্রতিনিধি এ বিষয়ে যথাযথ প্রমাণক উপস্থাপন করেন। | প্রাক্কলন, এমবি বহি, স্যালভেজ ম্যাটেরিয়ালের সার্ভে রিপোর্ট এবং টেকনিক্যাল প্রতিবেদন জবাবে সংযুক্ত থাকায় এবং একই সাথে স্যালভেজ ম্যাটেরিয়ালের প্রাক্কলনে বিয়োগ করে বিল পরিশোধ করায় আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হলো। |
| বাগেরহাট | অনু-৪ ২০০৯-১০ | - | আপত্তিটি ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে মর্মে এলজিইডি প্রতিনিধি জানান। | ইতোমধ্যে নিষ্পত্তিকৃত। |
| সাতক্ষীরা | অনু-৫ ২০০৭-০৮ | কাজের স্থান হতে উদ্ধারকৃত স্যালভেজ মালামালের মূল্য ঠিকাদারে বিল হতে কর্তন না করায় সরকারের ৩,১০,১৮৬.০০ টাকা আর্থিক ক্ষতি। | আপত্তিটি ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে মর্মে এলজিইডি প্রতিনিধি জানান। | ইতোমধ্যে নিষ্পত্তিকৃত। |
| নড়াইল | অনু-১ ২০০৬-০৭ | - | আপত্তিটি ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে মর্মে এলজিইডি প্রতিনিধি জানান। | ইতোমধ্যে নিষ্পত্তিকৃত। |
| বরিশাল | অনু-৭ ১৯৯৬-৯৭ | বক্স কাটিং এর মাটিকে ঠিকাদারের মাটি হিসেবে গণ্য করতঃ মূল্য দেওয়ায় = ১,৩৩,৪০৮.৮৫ টাকা ক্ষতি। | আপত্তিটি ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে মর্মে এলজিইডি প্রতিনিধি জানান। | ইতোমধ্যে নিষ্পত্তিকৃত। |
| পটুয়াখালী | অনু-৪ ২০০৬-০৭ | - | আপত্তিটি ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে মর্মে এলজিইডি প্রতিনিধি জানান। | ইতোমধ্যে নিষ্পত্তিকৃত। |
| পিরোজপুর | অনু-৫ ২০০৬-০৭ | পুরাতন মালামাল মূল্য বাবদ ১০,৫২,১২৮/- টাকা সংশ্লিষ্ট ঠিকাদারের বিল হতে কর্তন করা হয়নি। | আলোচনায় পূর্ত অডিট অধিদপ্তরের প্রতিনিধি এলজিইডি'র প্রতিনিধিকে সংশ্লিষ্ট আপত্তির প্রমাণক দেখাতে অনুরোধ জানালে তিনি এ বিষয়ে যথাযথ প্রমাণক উপস্থাপন করেন। | প্রাক্কলন, এমবি বহি, বিল কপি ও স্যালভেজ ম্যাটেরিয়াল প্রাক্কলন হ বাদ দেয়ার প্রমাণক সংযুক্ত থা আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ হলো। |
| | অনু-৩ ২০০৭-০৮ | ঠিকাদারগণের বিল হতে উদ্ধারকৃত পুরাতন মালামালের (স্যালভেজ) মূল্যবাবদ ৩২,৪৭,৪৯৯/- টাকা কর্তন করা হয়নি। | আপত্তিটি ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে মর্মে এলজিইডি প্রতিনিধি জানান। | ইতোমধ্যে নিষ্পত্তিকৃত। |

অপর পৃষ্ঠা

-৪৯-

পূর্ব পৃষ্ঠার পর

| | | | | |
|---|---|---|---|---|
| | অনু-২ ২০১২-১৩- | উদ্ধারপ্রাপ্ত মালামালের মূল্য আদায় না করায় এবং খুয়া বেশী সরবারহ দেখিয়ে বিল পরিশোধ করায় ক্ষতি ১৭,২৭,০২৬/- টাকা। | আপত্তিটি ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে মর্মে এলজিইডি প্রতিনিধি জানান। | ইতোমধ্যে নিষ্পত্তিকৃত। |
| বরগুণা | অনু-১ ২০০৯-১০ | ঠিকাদার বিল হতে স্যালভেজ (Salvage) মালামালের (ইটের) মূল্য আদায় না করায় সরকারের ১৩,৫৬,৯৮৯/- টাকা আর্থিক ক্ষতি। | আলোচনায় পূর্ত অডিট অধিদপ্তরের প্রতিনিধি এলজিইডি'র প্রতিনিধিকে সংশ্লিষ্ট আপত্তির প্রমাণক দেখাতে অনুরোধ করলে তিনি এ বিষয়ে যথাযথ প্রমাণক উপস্থাপন করেন। | চূড়ান্ত বিলের মূল কপি, চালানে ৩৯,৭৩,৭৪৭/- টাকা জমার মূল চালান কপি ও আইবাস এর মূল কপি সভায় উপস্থিত করায় আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হলো। |

৩। আলোচনা শেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

২০.১১.২০১৯

(সায়লা ফারজানা)
যুগ্মসচিব (অডিট)
ও
সভাপতি, ত্রি-পক্ষীয় সভা

বিতরণঃ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে):

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (১ম-৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৩। নির্বাহী প্রকৌশলী,নারায়ণগঞ্জ/মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ/জামালপুর/বাগেরহাট/সাতক্ষীরা/নড়াইল/বরিশাল/পটুয়াখালী/পিরোজপুর/বরগুণা।

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৮.০১.০২৫.১৯- তারিখঃ/১১/২০১৯খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ(জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জনাব আব্দুল কুদ্দুছ মন্ডল, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অডিট), এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জনাব জেবুন নেছা হায়দার, উপ-পরিচালক,পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স [১ম-৩য় তলা] সেগুন বাগিচা, ঢাকা।
৫। জনাব মোঃ মুজিবুর রহমান,অডিট এন্ড একাউন্টস অফিসার, অডিট কমপ্লেক্স [১ম-৩য় তলা] সেগুন বাগিচা, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (অডিট) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ (অতিরিক্ত সচিব (অডিট)মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। যুগ্মসচিব (অডিট) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য) বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। অফিস কপি/মাস্টার কপি।

২০/১১/২০১৯

(নাজনীনওয়ারেস)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭২৩২
audit-1@lgd.gov.bd